**পশ্চিমবঙ্গ সরকার**
**পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ**
**৬৩, নেতাজী সুভাষ রোড, জেসপ বিল্ডিং, কলকাতা - ৭০০০০১**

**স্মারক সংখ্যা :**৫৭৪৫/আর.ডি/ও/ডি.পি.এফ/ ১ই-১২/ ১০ **তারিখ :**১০-০৮-২০১২

**আদেশনামা**

১। আপনি অবগত আছেন যে, আদেশনামা ৩৫২৬/আর.ডি./ও/ডি.পি.এফ./ ১ই-১২/ ১০ তারিখ-১৭/০৫/২০১২-র মাধ্যমে গ্রাম পঞ্চায়েতের সশক্তিকরণ (ISGP) কর্মসূচির আওতায় ২০১২-১৩ আর্থিক বছরের থোক অনুদান (Block Grant) পাওয়ার জন্য দক্ষিন দিনাজপুর জেলার ৩৭টি গ্রাম পঞ্চায়েত যোগ্যতামান অর্জন করেছিল এবং যোগ্যতামান অর্জনকারী এই ৩৭টি গ্রাম পঞ্চায়েতের অনুকূলে সর্বমোট ৩,৯৪,৫৯,০৫২/- (তিন কোটি চুরানব্বই লক্ষ ঊনষাট হাজার বাহান্ন টাকা) টাকা ২০১২-১৩ আর্থিক বছরের জন্য প্রথম কিস্তি হিসাবে থোক অনুদান (Block Grant) বাবদ মঞ্জুর করা হয়েছিল ।

২। এখন, রাজ্যপালের আদেশ অনুসারে দক্ষিন দিনাজপুর জেলার যোগ্যতামান অর্জনকারী ৩৭টি গ্রাম পঞ্চায়েতের অনুকূলে **[সংযোজনী-১ এ উল্লিখিত** ] ২০১২-১৩ আর্থিক বছরের জন্য দ্বিতীয় কিস্তি বাবদ প্রাপ্তব্য মোট ৩,৯৪,৫৯,০৭০/- (তিন কোটি চুরানব্বই লক্ষ ঊনষাট হাজার সত্তর টাকা) টাকা গ্রাম পঞ্চায়েতের সশক্তিকরণ কর্মসূচির আওতায় থোক অনুদান (Block Grant) হিসাবে মঞ্জুর করা হল ।

| ক্রম নং | জেলা | যোগ্যতামান অর্জনকারী গ্রাম পঞ্চায়েতের সংখ্যা | মোট প্রথম কিস্তির পরিমাণ (টাকা) |
|---|---|---|---|
| ১ | **দক্ষিন দিনাজপুর** | **৩৭** | **৩৯৪৫৯০৭০** |
| [মোট তিন কোটি চুরানব্বই লক্ষ ঊনষাট হাজার সত্তর টাকা] | | | |

৪। প্রসঙ্গত উল্লেখ্য যে, গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ কর্মসূচির আওতায় থোক অনুদান স্থানীয় জনসাধারণকে পরিষেবা প্রদান ও তার গুণগত মানোন্নয়নের জন্য প্রয়োজনীয় পরিকাঠামো উন্নয়ন বাবদ খরচ করা যাবে । ব্যক্তিগত বা পারিবারিক স্তরে কোনও সুযোগ সুবিধা দেওয়া যাবে না । কিন্তু সার্বিক উন্নয়নের লক্ষ্যে তফসিলী জাতি বা আদিবাসী বা সংখ্যালঘু অধ্যুষিত অঞ্চলের পরিকাঠামো উন্নয়নের দিকে বিশেষ নজর দেওয়া আবশ্যক এবং এমন কোনও কাজ করা যাবে না যার ফলে পরিবেশ ক্ষতিগ্রস্ত হতে পারে **[সংযোজনী-২]** ।

৫। এই থোক অনুদানের টাকা জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক এবং পদাধিকারবলে পশ্চিমবঙ্গ রাজ্য গ্রামোন্নয়ন সংস্থার উপ-জেলা নির্বাহী আধিকারিকের অ্যাকাউন্ট থেকে **সংযোজনী-১** অনুসারে গ্রাম পঞ্চায়েতগুলির ISGP BLOCK GRANT ACCOUNT-এ দ্রুত পাঠিয়ে দিতে হবে । গ্রাম পঞ্চায়েতগুলিকে ২০১২-১৩ সালের সমন্বিত পরিকল্পনা ও বাজেট অনুসারে অনুমোদিত কাজগুলি সম্পন্ন করতে হবে এবং জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিকের কাছে সদ্ব্যবহার শংসাপত্র পাঠিয়ে দিতে হবে ।

সৌ. পু.

(সৌম্য পুরকায়েত)
কর্মসূচি প্রবন্ধক, গ্রাম পঞ্চায়তর প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ কর্মসূচি ও
বিশষ ভারপ্রাপ্ত আধিকারিক এবং পদাধিকার বল উপ-সচিব,
পঞ্চায়ত ও গ্রামান্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

**স্মারক সংখ্যা :**৫৭৪৫/১ (৬৬)/আর.ডি/ও/ডি.পি.এফ/ ১ই-১২/১০ **তারিখ :** ১০-০৮-২০১২

এই পত্রের প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দেওয়া হল :

১) সভাধিপতি, দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ ।

২) কমিশনার, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন অধিকার

৩) জেলা শাসক, দক্ষিণ দিনাজপুর জেলা ।

৪) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, দক্ষিণ দিনাজপুর জেলা পরিষদ ।

৫) ফিনান্স কন্ট্রোলার, পশ্চিমবঙ্গ রাজ্য গ্রামোন্নয়ন সংস্থা, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ ।

৬) জেলা পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন আধিকারিক, দক্ষিণ দিনাজপুর জেলা ।

৭) সভাপতি, ...................................................... পঞ্চায়েত সমিতি ।

৮) সমষ্টি উন্নয়ন আধিকারিক, ................................................ ব্লক ।

৯) প্রধান, .................................... গ্রাম পঞ্চায়েত, .................. ব্লক ।

১০) ক্রয়প্রণালী সংক্রান্ত প্রবন্ধক / উপ-কর্মসূচি প্রবন্ধক / আর্থিক বিষয় সংক্রান্ত প্রবন্ধক / সক্ষমতা বৃদ্ধি প্রবন্ধক / তদারকি ও মূল্যায়ন প্রবন্ধক / সংযোগ প্রবন্ধক, গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ কর্মসূচি, রাজ্য শাখা ।

১১) জেলা সঞ্চালক, জেলা সমন্বয় শাখা, গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ কর্মসূচি - দক্ষিণ দিনাজপুর ।

সৌ. পু.

(সৌম্য পুরকায়েত)
কর্মসূচি প্রবন্ধক, গ্রাম পঞ্চায়তর প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ কর্মসূচি ও
বিশষ ভারপ্রাপ্ত আধিকারিক এবং পদাধিকার বল উপ-সচিব,
পঞ্চায়ত ও গ্রামান্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

**স্মারক সংখ্যা :**৫৭৪৫/২(৬৭)/আর.ডি/ও/ডি.পি.এফ/ ১ই-১২/১০ **তারিখ :**১০-০৮-২০১২

অবগতির জন্য ও মাননীয় মন্ত্রীকে অবহিত করার উদ্দেশ্যে প্রতিলিপি দেওয়া হল :

১) একান্ত সচিব, মাননীয় মন্ত্রী, পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন বিভাগ

সৌ. পু.

(সৌম্য পুরকায়েত)
কর্মস কর্মসূচি প্রবন্ধক, গ্রাম পঞ্চায়তর প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ কর্মসূচি ও
বিশষ ভারপ্রাপ্ত আধিকারিক এবং পদাধিকার বল উপ-সচিব,
পঞ্চায়ত ও গ্রামান্নয়ন বিভাগ, পশ্চিমবঙ্গ সরকার

**সংযোজনী -১**

**গ্রাম পঞ্চায়েতের প্রাতিষ্ঠানিক সশক্তিকরণ (ISGP) কর্মসূচির আওতায় ২০১২-১৩ আর্থিক বছরের জন্য ৩৭টি যোগ্যতামান অর্জনকারী গ্রাম পঞ্চায়েতের অনুকূলে প্রথম কিস্তি বাবদ থোক অনুদানের পরিমাণ**

| ক্রমিক নং | জেলা | ব্লক | গ্রাম পঞ্চায়েত | ২০১২-১৩ আর্থিক বছরের থোক অনুদানের পরিমাণ (টাকা) |
|---|---|---|---|---|
| ১ | দক্ষিণ দিনাজপুর | বালুরঘাট | ভাটপাড়া | ১১৫৮২২৯ |
| ২ | দক্ষিণ দিনাজপুর | বালুরঘাট | বোল্লা | ১৩৬৭৭৬৪ |
| ৩ | দক্ষিণ দিনাজপুর | বালুরঘাট | চকভৃগু | ৮৭০৯৩৭ |
| ৪ | দক্ষিণ দিনাজপুর | বালুরঘাট | দাঙ্গা | ১৪৬১০০৫ |
| ৫ | দক্ষিণ দিনাজপুর | বালুরঘাট | গোপালবাটী | ১১১৪৬৪৬ |
| ৬ | দক্ষিণ দিনাজপুর | বালুরঘাট | পতিরাম | ১০৩৪২৩৬ |
| ৭ | দক্ষিণ দিনাজপুর | বংশীহারী | ব্রজবল্লভপুর | ১১০৯৭৭০ |
| ৮ | দক্ষিণ দিনাজপুর | বংশীহারী | এলাহাবাদ | ৯৮৫৫৬৩ |
| ৯ | দক্ষিণ দিনাজপুর | বংশীহারী | গাঙ্গুরীয়া | ১১৪৪২৪৩ |
| ১০ | দক্ষিণ দিনাজপুর | বংশীহারী | মহাবাড়ী | ১৩৭৫৬৩৪ |
| ১১ | দক্ষিণ দিনাজপুর | বংশীহারী | শিবপুর | ১৬৬৮৭৮৬ |
| ১২ | দক্ষিণ দিনাজপুর | গঙ্গারামপুর | দমদমা | ৩৫৬৩৬০ |
| ১৩ | দক্ষিণ দিনাজপুর | গঙ্গারামপুর | গঙ্গারামপুর | ৮১৬৯১৭ |
| ১৪ | দক্ষিণ দিনাজপুর | গঙ্গারামপুর | জাহাঙ্গীরপুর | ১১০২৪১৩ |
| ১৫ | দক্ষিণ দিনাজপুর | গঙ্গারামপুর | নন্দনপুর | ১২৩০৭২৬ |
| ১৬ | দক্ষিণ দিনাজপুর | গঙ্গারামপুর | সুকদেবপুর | ১২০২১৫৫ |
| ১৭ | দক্ষিণ দিনাজপুর | গঙ্গারামপুর | উদয় | ১১০৮১৮৭ |
| ১৮ | দক্ষিণ দিনাজপুর | হরিরামপুর | পুন্ডরী | ৯৯৪৪৫৯ |
| ১৯ | দক্ষিণ দিনাজপুর | হিলি | ধলপাড়া | ১০৫৩৫৬৯ |
| ২০ | দক্ষিণ দিনাজপুর | হিলি | হিলি | ৭৭৫০৮৭ |
| ২১ | দক্ষিণ দিনাজপুর | হিলি | জামালপুর | ৪৮৩৯৮৮ |
| ২২ | দক্ষিণ দিনাজপুর | কুমারগঞ্জ | ভোঁওর | ৬৬৬০২১ |
| ২৩ | দক্ষিণ দিনাজপুর | কুমারগঞ্জ | দেওর | ৮৩৯২৪৪ |
| ২৪ | দক্ষিণ দিনাজপুর | কুমারগঞ্জ | রামকৃষ্ণপুর | ১২১৬৭৪০ |
| ২৫ | দক্ষিণ দিনাজপুর | কুমারগঞ্জ | সাফানগর | ৯৭৭৭৩৬ |
| ২৬ | দক্ষিণ দিনাজপুর | কুশমন্ডী | আক্চা | ১১৭৮২৪৬ |
| ২৭ | দক্ষিণ দিনাজপুর | কুশমন্ডী | বেরইল | ১১৫৯৩৪১ |
| ২৮ | দক্ষিণ দিনাজপুর | কুশমন্ডী | দেউল | ৯৮৪১৫২ |
| ২৯ | দক্ষিণ দিনাজপুর | কুশমন্ডী | করঞ্জি | ১১৯৪৮৮৪ |
| ৩০ | দক্ষিণ দিনাজপুর | কুশমন্ডী | কুশমন্ডী | ১১৭৫৫৫২ |
| ৩১ | দক্ষিণ দিনাজপুর | কুশমন্ডী | মালিগাঁও | ১২০৬৮১৭ |
| ৩২ | দক্ষিণ দিনাজপুর | কুশমন্ডী | উদয়পুর | ১১৮৯৬৬৬ |
| ৩৩ | দক্ষিণ দিনাজপুর | তপন | আউটিনা | ৮২৮৮৯৩ |
| ৩৪ | দক্ষিণ দিনাজপুর | তপন | দ্বীপখন্ডা | ৮৯২৫৩৬ |
| ৩৫ | দক্ষিণ দিনাজপুর | তপন | গুরাইল | ১১১২৪২২ |
| ৩৬ | দক্ষিণ দিনাজপুর | তপন | রামচন্দ্রপুর | ১৩২০০৩২ |
| ৩৭ | দক্ষিণ দিনাজপুর | তপন | তপন চন্ডীপুর | ১১০২১১৪ |
| **মোট (টাকা)** | | | | **৩৯৪৫৯০৭০** |

**গ্রাম পঞ্চায়েতের সশক্তিকরণ কর্মসূচির (ISGP) আওতায় পাওয়া থোক অনুদান বা ব্লক গ্রান্ট যেসব কাজে ব্যবহার করা যাবে না তার তালিকা (ব্লক গ্রান্টের ব্যবহার সংক্রান্ত ঋণাত্মক তালিকা)**

ক) দুর্বল বা পিছিয়ে পড়া সম্প্রদায় যেমন তফসিলী জাতি, তফসিলী আদিবাসী ও সংখ্যালঘুদের অধিকার বা তাদের অধিকার সম্বন্ধীয় কোনও বিশেষ সংস্থানকে উপেক্ষা করে বা তার পরিপন্থী এমন কোনও কাজ করা যাবে না ।

খ) মানুষের সাংবিধানিক অধিকার খর্ব করে অথবা মানুষের মধ্যে জাতিগত বা সাম্প্রদায়িক ভেদাভেদ অথবা লিঙ্গ বৈষম্যের সৃষ্টি করে এমন কোনও কাজ কাজ করা যাবে না ।

গ) মন্দির, মসজিদ ইত্যাদি ধর্মীয় পরিকাঠামো বা স্মৃতিসৌধ নির্মাণ বা তার মেরামতি ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত কোনও কাজ কাজ করা যাবে না ।

ঘ) এমন কোনও কাজ যা বন বা বন্যপ্রাণীদের পক্ষে ক্ষতিকর ।

ঙ) বন বা বনসংলগ্ন এলাকায় বন দফতরের অনুমতি ছাড়া কোনও কাজ করা যাবে না ।

চ) বিধিবদ্ধভাবে সংরক্ষিত এলাকায় কোনও কাজ করা যাবে না ।

ছ) কোনও সংরক্ষিত বনাঞ্চল বা অভয়ারণ্যের এক কিলোমিটারের মধ্যে বন দফতর, পরিবেশ দফতর ও পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের অনুমতি ছাড়া পর্যটন-পরিকাঠামো উন্নয়ন সংক্রান্ত কোনও কাজ (হোটেল, রেস্তোরাঁ, রিসর্ট ইত্যাদি তৈরি) কাজ করা যাবে না ।

জ) বন দফতরের ছাড়পত্র ছাড়া বনাঞ্চলের জমি ব্যবহার করে বন সংক্রান্ত নয় এমন কোনও কাজ করা যাবে না ।

ঝ) গ্রাম পঞ্চায়েতের দ্বারা জমি কেনার কাজ করা যাবে না ।

ঞ) জনস্বাস্থ্য ও কারিগরি দফতরের প্রয়োজনীয় প্রযুক্তিগত সহায়তা ও পরামর্শ ছাড়া আর্সেনিক ও ফ্লোরাইড প্রবণ এলাকায় ভূ-গর্ভস্থ উৎস থেকে পানীয় জল সরবরাহ সংক্রান্ত কাজ করা যাবে না ।

ট) জনস্বাস্থ্য ও কারিগরি দফতরের নির্দেশিকা অনুযায়ী পানীয় জল মানুষের পান করার পক্ষে নিরাপদ কিনা তা পরীক্ষা না করে পানীয় জল সরবরাহ সংক্রান্ত কাজ করা যাবে না ।

ঠ) রাজ্য জল অনুসন্ধান বিভাগ (State Water Investigation Directorate বা SWID) দ্বারা চিহ্নিত 'কালো' (Dark) বা 'ধূসর' (Grey) এলাকায় বৈদ্যুতিক যন্ত্রের সাহায্যে জল তোলার জন্য নলকূপ বা কূপ খনন সংক্রান্ত কোনও কাজ করা যাবে না ।

ড) মোট উচ্চতা ৭ মিটারের বেশি এমন বাঁধ [জোড় বাঁধ (check dams), বেড়ি বাঁধ (embankments) ইত্যাদি] তৈরি সংক্রান্ত কোনও কাজ করা যাবে না ।

ঢ) জেলা মৎস্য আধিকারিকের নির্দেশিকা না মেনে প্রবহমান নদীর উপর মাছের যাতায়াতের পথ না রেখে বাঁধ বা ওই ধরনের কোনও কাঠামো তৈরি সংক্রান্ত কোনও কাজ করা যাবে না ।

ণ) ভারত সরকার বা পশ্চিমবঙ্গ সরকার দ্বারা নিষিদ্ধ বা বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) দ্বারা Ia, Ib এবং II শ্রেণীভুক্ত কীটনাশকের ব্যবহার, মজুত অথবা প্রচার ও প্রসার সম্বন্ধীয় কোনও কাজ করা যাবে না।

ত) পশ্চিমবঙ্গ দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের ছাড়পত্র বা পারমিট (বিধিনিষেধ অনুসারে, স্থাপনা ও পরিচালনা করার অনুমতি সহ) ছাড়া খনিজ পদার্থ উত্তোলন বা শিল্পোদ্যোগ সম্পর্কিত কাজ করা যাবে না ।

থ) পুরনো স্থাপত্যমূলক, জীবাশ্ম সংক্রান্ত, ঐতিহাসিক, ধর্মীয়, শৈল্পিক বা সাংস্কৃতিক গুরুত্বসম্পন্ন স্থান, প্রাকৃতিক নৈসর্গ, বস্তু, সৌধ বা কাঠামোর পক্ষে ক্ষতিকারক এমন কোনও কাজ করা যাবে না ।

দ) উপকূলবর্তী এলাকায়

অ) অশোধিত বর্জ্য ও ক্ষতিকর রাসায়নিক ফেলার কাজ করা যাবে না ।

আ) জোয়ারে জল যত দূর অবধি আসে সেই সীমারেখা থেকে ৫০০ মিটার পর্যন্ত এলাকার মধ্যে পানীয় জল, কৃষিকাজ, উদ্যানপালন ও মাছচাষের জন্য সাধারণ কূপ থেকে হাতে তোলা জল ছাড়া অন্য কোনও পদ্ধতিতে ভূ-গর্ভস্থ জল উত্তোলন সংক্রান্ত কোনও কাজ করা যাবে না ।

ই) সমুদ্র-ভাঙ্গন রোধ, জল যাতায়াতের পথ পরিস্কার রাখা, জোয়ার-ভাঁটা নিয়ন্ত্রক ও ঝড়-বৃষ্টির পর জল নিকাশির পথ ইত্যাদির রক্ষণাবেক্ষণ এবং মিষ্টি জলের প্রবাহে লবণাক্ত জলের মিশে যাওয়া আটকানো সংক্রান্ত কাজ ছাড়া সমুদ্রের জলের স্বাভাবিক প্রবাহে বাধা বা জলের স্বাভাবিক প্রবাহ রোধ করে জমি পুনরুদ্ধার সংক্রান্ত কোনও কাজ করা যাবে না ।

ই) বালি, পাথর বা শিলাস্তরের অন্যান্য পদার্থ তোলার জন্য খনন কাজ করা যাবে না ।

ঈ) উপকূলবর্তী নিয়ন্ত্রিত এলাকায় (Coastal Regulation Zone বা CRZ-I ও CRZ-III-এ) জোয়ারের সময় জলের উচ্চতম সীমারেখা এবং ভাঁটার সময় জলের নিম্নতম সীমারেখার মধ্যবর্তী অঞ্চলে পশ্চিমবঙ্গ রাজ্য উপকূলবর্তী এলাকা ব্যবস্থাপক সংস্থার (West Bengal State Coastal Zone Management Authority) অনুমোদন ছাড়া কোনও ধরনের নির্মাণ কাজ করা যাবে না ।

ধ) বর্তমান আইন ও সরকারি নির্দেশিকা অনুসারে গ্রাম পঞ্চায়েতের যে সমস্ত কাজ করা উচিত নয়

ন) সামরিক, আধাসামরিক বা ওই জাতীয় কোনও কাজ করা যাবে না ।

প) মদ বা অ্যালকোহল জাতীয় পানীয় উৎপাদনের কাজ করা যাবে না ।

ফ) কাঁচা তামাক বা তার অবশেষ ব্যবহার করে উৎপাদন, বিক্রি ইত্যাদি কাজ করা যাবে না ।

ব) তামাক বা তামাক জাতীয় বস্তু প্রক্রিয়াকরণ (প্রক্রিয়াকরণের ফলে তৈরি বস্তুতে তামাক না থাকলেও) ইত্যাদি কাজ করা যাবে না

ভ) তেজস্ক্রিয় বস্তু বা ওই সম্পর্কিত কোনও বস্তুর উৎপাদন ও লেনদেনের কাজ করা যাবে না ।

ম) মুক্তো, মূল্যবান রত্ন উৎপাদন বা প্রক্রিয়াকরণের কাজ করা যাবে না ।

য) পরমাণু চুল্লী ও তার অংশ, পরমাণু জ্বালানি বা তার আধার বা ওই সংক্রান্ত বস্তুর উৎপাদন বা লেনদেনের কাজ করা যাবে না।

র) তামাক প্রক্রিয়াকরণের যন্ত্রপাতি তৈরি বা কেনার কাজ করা যাবে না ।

ল) সোনা, রূপা ও প্ল্যাটিনাম শ্রেণীর ধাতুর তৈরি গয়না (ঘড়ি ও ঘড়ির খাপ বাদ দিয়ে) বা দামী পাথর সেটিং সংক্রান্ত কাজ করা যাবে না ।

ব) সোনা কেনা, মজুত, লেনদেন করা যাবে না ।